গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
রাণীশংকৈল,ঠাকুরগাঁও।

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"।

## সিটিজেন চার্টার

নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল (MDG) এবং দারিদ্র বিমোচন কৌশল পত্র (PRSP) এর আলোকে নারী উন্নয়নে বিভিন্ন রাজস্ব ও উন্নয়ন কার্যক্রম ও কর্মসূচি বাস্তবায়ন করছে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাণীশংকৈল,ঠাকুরগাঁও থেকে প্রদেয় বিভিন্ন সেবা ও কর্মসূচি সমূহের বিবরণ ঃ

| ক্রঃ নং | সেবা প্রদানকারী অফিসের নাম/সেবার স্থান | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি/ধরণ | সেবা গ্রহণকারী ব্যক্তি/সংস্থা | সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স/ আনুষাঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ |
| ১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কর্মসূচি | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | ভিকটিম কর্তৃক আবেদন দাখিলের পর অভিযোগকারী ও অভিযুক্ত ব্যক্তি উভয় পক্ষের শুনানির জন্য পত্র প্রেরণ করা হয় এবং নির্ধারিত তারিখে শুনানি এবং সরেজমিনে তদন্তের পর অভিযোগ মীমাংসা/নিস্পত্তির চেষ্টা করা হয়। অভিযোগ মিমাংসা/নিস্পত্তি না হলে জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি বা জেলা আইন সহয়তা কমিটিতে প্রেরণ করা হয়। | নির্যাতিত নারী ও শিশু | ক্ষেত্রমতে ৩-২০ দিন (আবেদন প্রাপ্তির সঙ্গে সঙ্গে শুনানির তারিখ ধার্য করে পত্র প্রেরণ) | বিনা মূল্যে | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ আইন | ১.জেলা প্রশাসক ২.উপজেলা নির্বাহী অফিসার ৩.উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন, নিয়ন্ত্রণ ও অনুদান বিতরণ/ বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | তৃণমূল পর্যায়ে নারীর ক্ষমতায়ন, নেতৃত্বের বিকাশ এবং উন্নয়ন কার্যক্রম ব্যাপক প্রসারের জন্য স্বেচ্ছাসেবী মহিলা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ও নিবন্ধন সেবা প্রদান করে থাকে। মবিঅ কর্তৃক নিবন্ধিত মহিলা সংগঠন সমূহকে আবেদনের ভিত্তিতে বামকপ কর্তৃক বছরে ০১(এক) বার শ্রেণী ভিত্তিক ২৫,০০০/- থেকে ৩০,০০০/- টাকা পর্যন্ত অনুদান দেওয়া হয় এবং ৪০,০০০/- টাকা বিশেষ অনুদান দেওয়া হয়। | নিবন্ধিত মহিলা স্বেচ্ছাসেবী সমিতি/সংগঠন | আবেদন প্রাপ্তির ৩০ দিনের মধ্যে (বছরে এক বার) | ১.নতুন সমিতির জন্য রেজিঃ ফি ৫,০০০/- টাকা ২. নবায়ন ফি ২,০০০/- টাকা | ১৬১ সালের ৪৬ নং অধ্যাদেশ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | ভিডব্লিউবি কর্মসূচি | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় দারিদ্র সীমার নীচে বসবাস করা মহিলাদের খাদ্য নিরাপত্তাসহ প্রশিক্ষণ প্রদান ও আয়বর্ধক কর্মসূচিতে তাদের জড়িত করা। এই কার্যক্রমের অধীনে ভিডব্লিউবি কার্ডধারী মহিলাদেরকে ২৪ মাস ব্যাপী/ দুই বৎসর ধরে খাদ্য সহায়তা হিসাবে প্রতিমাসে ৩০ কেজি গম/চাল বিতরণ করা হয়, নির্বাচিত এনজিও কর্তৃক জীবন দক্ষতা ও আয়বর্ধক সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। সঞ্চয় মনোভাব গড়ে তোলার লক্ষ্যে সঞ্চয়ে উদ্বুদ্ধ করণ হিসেবে ন্যুনতম ২২০/-টাকা হারে প্রতি মাসে সঞ্চয় জমা করতে হয়। | দারিদ্র সীমার নিচে বসবাস কারী দরিদ্র ও কর্মক্ষম নারী | ০৩ মাস | বিনা মূল্যে | ভিডব্লিউবি পরিপত্র ও ব্যস্তবায়ন নির্দেশিকা, ২০১১ | পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/ উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | মা ও শিশু সহয়তা কর্মসূচী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | MDG ও PRSP ঘোষিত লক্ষ্য অনুযায়ী দরিদ্র মা ও শিশু মৃত্যুহার তথা নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যে দরিদ্র গর্ভবতী মায়েদের সহায়তা প্রদানের জন্য মা ও শিশু সহায়তা কর্মসূচী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তথা মহিলা বিষয়ক অধিদপ্তরের বিদ্যমান কর্মসূচী সমূহের মধ্যে অন্যতম। গর্ভবতী এবং প্রসূতি নারীর মৌলিক মানবাধিকার রুপে নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করা এই কার্যক্রমের প্রধান লক্ষ্য। রাণীশংকৈল উপজেলার আওতায় ০৮টি ইউনিয়ন ও ১টি পৌরসভা পর্যায়ে "মা ও শিশু সহায়তা" কর্মসূচির আওতায় ৬ মাস পরপর প্রতি ভাতাভোগী মাসিক ৮০০/-(আটশত) টাকা হারে ৩৬ মাস ব্যাপী ভাতা পেয়ে থাকেন। | দরিদ্র/ অস্বচ্ছল গর্ভবতী মা | ৯৮ দিন | ইউনিয়ন উদ্যোক্তা কর্তৃক আবেদন ফি ৪০ টাকা। ভাতা প্রদান বিনা মূল্যে | মা ও শিশু সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নীতমালা, ২০২২ | উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | আর্থিক সঙ্গতিহীন কর্মক্ষম মহিলাদের উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ ও আত্মনির্ভরশীলতার লক্ষ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করা হয়। স্থানীয়/উপজেলা ক্ষুদ্রঋণ কমিটি আবেদনপত্র যাচাই বাছাই করে ১৫ দিনের মধ্যে অনুমোদন করে ২৫,০০০/- থেকে ৭৫,০০০/- টাকা পর্যন্ত বছরের জন্য ৫% সার্ভিস চার্জে জামানতবিহীন ঋণ সেবা প্রদান করা হয়। | উপজেলার আর্থিক সঙ্গতিহীন আগ্রহী ঋণগ্রহীতা সকল কর্মক্ষম নারী | আবেদন যাচাই/ বাছাইয়ের পর ১৫ দিনের মধ্যে | নিজ খরচে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প ক্রয় | মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নীতমালা ২০২২ | উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | উপজেলার তৃণমূল পর্যায়ে সুবিধা বঞ্চিত কিশোর-কিশোরীদের জীবন দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের জীবনমান উন্নয়ন, অধিকার প্রতিষ্ঠা এবং নারী পুরুষ বৈষম্যহীন ও পারস্পারিক সুরক্ষামূলক সমাজ গঠনের অনুকুল পরিবেশ সৃষ্টি ও কিশোর-কিশোরীদের মধ্যে পারস্পারিক শ্রদ্ধারোধ সৃষ্টি, বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা। বাল্য বিবাহ, যৌন হয়রানী রোধকল্পে সচেতনতা সৃষ্টি, যৌতুক বিরোধী সচেতনতা তৈরী, ঝরে পড়ার হার | উপজেলার তৃণমূল পর্যায়ে সুবিধা বঞ্চিত কিশোর-কিশোরী | ১২৭ দিন {আনুমানিক} | বিনা মূল্যে | কিশোর-কিশোরদের ক্ষমতায়ন কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/ উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | কমানোও প্রজনন স্বাস্থ্য বিষয়ক সচেতনতা সৃষ্টির মাধ্যমে সেবা প্রদান করা হয়ে থাকে। পরিবার ও সমাজের সহায়ক পরিবেশে কিশোর-কিশোরীদের সমাজ পরিবর্তনের সক্রিয় এজেন্ট হিসাবে ক্ষমতায়ন করা। সপ্তাহে দুই দিন দুই ঘন্টা ক্লাব খোলা থাকে। মার্চ-সেপ্টেম্বর মাসে বিকাল ৪.০০-৬.০০ টা এবং অক্টোবর-ফেব্রুয়ারী মাসে বিকাল ৩.০০-৫.০০ টা পর্যন্ত কিশোর-কিশোরী ক্লাব চলে। প্রত্যেক ক্লাব সদস্যকে ৩০/- টাকা হারে নাস্তা প্রদান করা হয়। | | | | | |
| ৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত প্রকল্প) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত প্রকল্প) এ ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকিশেন এ ৩ মাস মেয়াদী প্রশিক্ষণার্থী নির্বাচন করে সেবা প্রদান করা হয়। আগ্রহী প্রার্থীগণ নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র জমা প্রদান করেন। আবেদনপত্র যাচাই-বাছাই করে তালিকা তৈরী করা হয়। উপজেলা কমিটি মহিলা প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটির সদস্যদের উপস্থিতিতে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে ৫০ টি আসনের সেবা প্রদান করা হয়। | পৌরসভা ইউনিয়ন ও পর্যায়ের সকল নারী | ৩ মাস | বিনা মূল্যে | আইজিএ নীতিমালা ২০১৮ | উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | জয়িতা অন্বেয়নে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম বাস্তাবায়নে অত্র উপজেলার ০৮টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা থেকে ৫টি ক্যাটাগরিতে সকল নারী/জয়িতার নাম আহবান করা হয়। ৫টি ক্যাটাগরি নিম্নরুপঃ (ক) অর্থনৈতিক ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী। (খ) শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী। (গ) সফল জননী নারী। (ঘ) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী (ঙ) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী উল্লেখ্য যে, জয়িতা হচ্ছে সমাজের সকল বাধা, বিপত্তী অতিক্রম করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীর একটি প্রতিকী নাম। প্রতি বছর উক্ত ৫ ক্যাটাগরির নারীর সম্মাননা সেবা প্রদান করা হয়। | উপজেলা ও পৌরসভা পর্যায়ের সকল নারী | ১ মাস | বিনা মূল্যে | জয়িতা অন্বেষনে বাংলাদেশ কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/ উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | সচেতনতা বৃদ্ধি এবং জেন্ডার সমতামূলক কার্যক্রম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ কর্মচারী | নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে বিভিন্ন জনসচেতনতামূলক কার্যক্রম যেমন- যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ, জন্মনিবন্ধন ও বিবাহ নিবন্ধনে উদ্বুদ্ধকরণ, নারী অধিকার রক্ষায় সিডও সনদ বাস্তবায়নসহ বিভিন্ন দিবস পালনকরা হয়। যেমন- আন্তর্জাতিক নারী দিবস,বিশ্ব মা দিবস, জাতীয় কন্যা শিশু দিবস, বেগম রোকেয়া দিবস, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ, জাতীয় শিশু দিবস, জাতীয় শোক দিবস ইত্যাদি দিবস পালন করা হয়। এছাড়া বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ক সচেতনতামুলক উঠান বৈঠক কর্মসূচি চলমান। লাইসেন্সধারী ও লাইসেন্সবিহীন কাজী,ইমাম, পূরোহীতদের নিয়ে সভা সেমিনার অব্যাহত। এছাড়া কিশোর-কিশোরী ক্লাবে বাল্য বিবাহের কুফল তুলে ধরে সেশন নিয়মিত পরিচালনা করা হয়। | উপজেলা পর্যায়ের সকল নারী | - | বিনা মূল্যে | বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত আইন/বিধি | উপজেলা নির্বাহী অফিসার/ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর |